

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৫১

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ ইস্তিহাযাগ্রস্থ নারীকে প্রত্যেক সালাতের সময় ওয় করার নির্দেশ

ذِكْنُ الْأُمْرِ لِلْمُسْتَحَاضَةِ بِتَجْدِيدِ الْوُضُوءِ عِنْدَ كُلِّ صلاة

আরবী

1351 _ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ أَحْمَدَ بْنِ النَّضْرِ الْخُلْقَانِيُّ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَلِيِّ بْنِ الْحُسَنِ بْنِ شَقِيقٍ قَالَ: سَمِعْتُ أَبِي قَالَ: أَخْبَرَنَا أَبُو حَمْزَةَ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ الْحَسَنِ بْنِ شَقِيقٍ قَالَ: سَمِعْتُ أَبِي قَالَ: أَخْبَرَنَا أَبُو حَمْزَةَ عَنْ هِشَامِ بْنِ عُرُوةَ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ أَنَّ فَاطِمَةَ بِنْتَ أَبِي حُبَيْشٍ أَتَتِ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَتْ: يَا رَسُولَ اللَّهِ إِنِّي أُستحاض الشَّهْرَ وَالشَّهْرَيْنِ؟ قَالَ: (لَيْسَ ذَاكَ بِحَيْضٍ وَلَكِنَّهُ عِرْقُ فَإِذَا أَقْبَلَ الْحَيْضُ فَدَعِي الصَّلَاةَ عَدَدَ أَيَّامِكِ الَّتِي كُنْتِ تَحِيضِينَ فِيهِ فَإِذَا أَدْبَرَتْ فَاغْتَسِلِي وَوضاى لكل صلاة)

الراوي: عَائِشَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1351 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৩৫১. আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "ফাতিমা বিনতু আবূ হুবাইশ রাদিয়াল্লাহু আনহা আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে এসে বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমার একমাস, দুই মাসও ইস্তিহাযা হয় (এই অবস্থায় আমি কী করবো)?" জবাবে তিনি বলেন, "এটা হায়েয নয় বরং এটি শিরাবাহিত রক্ত। অতএব যখন হায়েয শুরু হবে, তখন তুমি তোমার হায়েযের নির্ধারিত দিন, যা তুমি হিসেবে গণ্য করো, সে সময়গুলোতে সালাত ছেড়ে দিবে আর যখন হায়েয শেষ হয়ে যাবে, তখন গোসল করবে এবং প্রত্যেক সালাতের জন্য ওয়ৃ করবে।"[1]

ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ২২৮; নাসাঈ: ১/১৮৫; দারেমী: ১/১৯৯; তাহাবী: ১/১০২।



আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ২৮১।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন